যুগান্তর

2 JAN 2003

# বোর্ডের ভুলে মেধা তালিকায় স্থান পায়নি বরিশালের এক এইচএসসি পরীক্ষার্থী

পুলক চ্যাটার্জি, *বরিশাল ব্যুরো*

বরিশাল শিক্ষা বোর্ডের বিরুদ্ধে গুরুতর অভিযোগ পাওয়া গেছে। অভিযোগকারী মাহামুদুল হাসান ২০০২ সালে বরিশাল বোর্ডের অধীনে অমৃত লাল দে কলেজ থেকে দুই বিষয়ে লেটারসহ স্টারমার্কস পেয়ে এইচএসসি পাস করে। মাহামুদুল হাসানের অভিযোগ ভুলের কারণে প্রয়োজনীয় নম্বর পেয়েও সে মেধা তালিকায় স্থান পায়নি। বিষয়টি বোর্ড কর্তৃপক্ষকে জানালেও কোন সুফল হয়নি। বরং তাকে হয়রানি করছে বোর্ড কর্মকর্তারা। এইচএসসি পরীক্ষায় মাহামুদুল হাসানের রোল নম্বর ছিল (বিজ্ঞান) ৪০৪৫৪৮। গত বছর ১৮ সেপ্টেম্বর ফল প্রকাশিত হয়। ফল দেখে বিশ্বাস করতে পারেনি মাহামুদুল হাসান। তার বিশ্বাস ছিল মেধা তালিকায় স্থান পাবে। কলেজে টেবুলেশন সিট আসার পর রহস্যের জট খুলতে থাকে। দেখা যায় জীব বিজ্ঞান প্রথম পত্রের ব্যবহারিক পরীক্ষায় তার যোগ হয়েছে ১৫ নম্বর। কিন্তু সে পেয়েছে ২৫ নম্বর। প্রাপ্ত নম্বরে ওই ১০ নম্বর কম হওয়ায় মাহামুদুল মেধা তালিকায় স্থান পায়নি। অমৃত লাল দে কলেজের অধ্যক্ষ এ ভুল সংশোধনের জন্য বোর্ডের সঙ্গে যোগাযোগ করতে বলেন। নির্ধারিত ফরমে আবেদন করে মাহামুদুল হাসান ও তার অভিভাবক সাক্ষাৎ করেন পরীক্ষা নিয়ন্ত্রকের সঙ্গে। পরীক্ষা নিয়ন্ত্রক ভুলটি সংশোধনের আশ্বাস দিলেও অদ্যাবধি কোন কাজ হয়নি। এ ব্যাপারে বোর্ড চেয়ারম্যান কিছুই জানেন না বলে সাংবাদিকদের বলেছেন।